গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
সাপাহার, নওগাঁ
www.acl.sapahar.naogaon.gov.bd

স্মারক নং ঃ ৩১.৪৩.৬৪৮৬.০০০.০৭.০১৪.২৬- ২৮৬ তারিখ ঃ ০৪/০৩/২০২৬ খ্রি.

**" বাংলা ১৪৩৩-১৪৩৫ সনে ২০.০০(বিশ) একর পর্যন্ত অনলাইন প্রক্রিয়ায় অ-ইজারাকৃত সরকারি বদ্ধ জলমহাল ম্যানুয়াল ইজারার আবেদনপত্র আহ্বান বিজ্ঞপ্তি "**

এতদ্বারা সাপাহার উপজেলার নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের অথবা যুব মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতি অথবা সমাজভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে, কেবল সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানের ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তর অথবা সমাজসেবা অধিদপ্তর এর স্থানীয় অফিসে নিবন্ধিত/একক সমিতি/সংগঠন এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার ২৪/০২/২০২৬ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২.২৫-১০৮ এবং জেলা প্রশাসকের কার্যালয়,নওগাঁ মহোদয়ের ০১/০৩/২০২৬ তারিখের ০৫.৪৩.৬৪০০.১০৬.০২.০৬৫.২৫-৭৪৫ স্মারক অনুযায়ী অনলাইন প্রক্রিয়ায় অ-ইজারাকৃত সরকারি বদ্ধ জলমহাল সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও সংশোধিত নীতি, ২০১২ অনুযায়ী সাপাহার উপজেলার সকল ইউনিয়নের ২০.০০(বিশ) একর পর্যন্ত সরকারি বদ্ধ জলমহালসমূহ শর্তসাপেক্ষে বাংলা ১৪৩৩-১৪৩৫ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদানের লক্ষ্যে পৃথক পৃথক সীল মোহরকৃত খামে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। জলমহাল ইজারার জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার বিডি/পে-অর্ডারের মূলকপি ও জামানত বাবদ ২০% হিসেবে প্রদত্ত বিডি/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে আগামী **১৫ মার্চ ২০২৬ তারিখ বেলা ৩.৩০ টার মধ্যে** নিম্নস্বাক্ষরকারীর (অফিস চলাকালীন সময়) কার্যালয়ে দাখিল করতে হবে। দাখিলকৃত দরপত্র ১৬ মার্চ ২০২৬ তারিখ সকাল ১০:০০টায় উন্মুক্ত করা হবে। ভুল তথ্য সম্বলিত এবং অসম্পূর্ণ আবেদন বিবেচনাযোগ্য নয়। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও ভূমি মন্ত্রণালয় থেকে ইজারা প্রদান বিষয়ে সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন অনুসারে ইজারা কার্যক্রম পরিচালিত হবে এবং এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি), সাপাহার, নওগাঁ কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।

প্রকাশ থাকে যে, অনুমোদিত তালিকায় ইজারাযোগ্য জলমহাল সংযোজন বা বিয়োজন হতে পারে। ইজারা বিজ্ঞপ্তি **www.acl.sapahar.naogaon.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে। বিজ্ঞপ্তির যে কোনো শর্ত সংযোজন/ বিয়োজন/ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৪/০৩/২৬
রোমানা রিয়াজ
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সাপাহার, নওগাঁ

CamScanner

## শর্তাবলী ঃ

১. সকল সরকারি খাসবদ্ধ জলমহাল ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে ।

২. বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্যের সাথে ৫%অর্থ বৃদ্ধিতে সরকারি মূল্য নির্ধারণ করা হবে। উলেখ্য সরকারি মূল্যের চাইতে কম ইজারামূল্যে ইজারা দেয়া হবে না।

৩. প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি, যুব মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতি, সমবায় অধিদপ্তর ও সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/ সংগঠন আবেদন করতে পারবে ।

৪. নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি জলাশয়ের তীরবর্তী/নিকটবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতাসাপেক্ষে অগ্রাধিকার পাবে।

৫. আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমবায়/সমিতি/ সংগঠন সহকারী কমিশনার (ভূমি) ও সদস্য-সচিব এর কার্যালয় হতে ক্রয়কৃত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও আবেদনকারীর ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত করে সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/ সমিতি ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালেরর মৎস্য চাষ/ উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

৬. আবেদনকারী নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/ সংগঠনে যদি এমন কোনো সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। এছাড়া আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে দাখিলসহ বিগত ০৩(তিন) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

৭. কোনো খেলাপী সমবায় সমিতি/সংগঠন ইজারায় অংশগ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবেন এবং তারা ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন না।

৮. কোনো নিবন্ধিত সমিতি/সংগঠন ০২ টির অধিক পুকুর/জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।

৯. ইজারার মেয়াদ বাংলা ১৪৩৩ সনের ১ বৈশাখ হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে। ইজারা বিজ্ঞপ্তিতে ঘোষিত সময় অনুযায়ী আবেদন ফরম ক্রয় ও দাখিল করা যাবে। নির্ধারিত তারিখে কোনো কারণে যদি সরকারি ছুটি ঘোষণা করা হয় তবে ছুটির পরদিন হতে আবেদন বিক্রি বা গ্রহণের তারিখ প্রযোজ্য হবে।

১০. দরপত্রের সাথে উদ্ধৃত ০৩ (তিন) বছরের মোট মূল্যের ২০% হারে জামানত উপজেলা নির্বাহী অফিসার, সাপাহার, নওগাঁ এর অনুকূলে তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১১. **দাখিলকৃত দর/ গৃহীত আবেদন অনুমোদন হওয়ার উল্লিখিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট পুকুর/জলমহালের ০৩ (তিন) বছরের সমুদয় ইজারামূল্য, ইজারামূল্যের উপর ১৫% ভ্যাট, ১০% আয়কর নিম্নে ওয়েবসাইট লিংকে প্রবেশ করে** www.achallan.gov.bd/acs/v2/general/challan-payment **এ চালানের মাধ্যমে সংশ্লিষ্ট ব্যাংকে জমা দিয়ে চালানের মূলকপি অফিসে দাখিল করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে এবং ঐ পুকুর/জলমহাল খাস কালেকশন করা হবে। ইজারামূল্যের সমুদয় অর্থ, ভ্যাট ও আয়কর একবারে পরিশোধ করতে হবে। ইজারা অর্থ কোনভাবেই আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।**

১২. ইজারা অর্থ প্রদানের পর এবং প্রস্তাবিত ইজারা মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে ইজারাগ্রহীতা সমিতিকে নিজ উদ্যোগে নির্ধারিত ফরমে (ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল মোতাবেক) ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় জলমহাল দখল হস্তান্তর করা হবে না।

১৩. **বিজ্ঞ আদালত কর্তৃক কোনো জলমহাল নিয়ে নিষেধাজ্ঞা বা স্থিতাবস্থা বা অস্থায়ী নিষেধাজ্ঞা অথবা এরূপ কোন আদেশ সম্বলিত লিখিত তথ্য নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিল হলে সংশ্লিষ্ট জলমহাল এর অস্থায়ী ইজারা/লীজ কার্যক্রম তাৎক্ষনিক ভাবে অস্থায়ী ইজারা / লীজ কার্যক্রমের বর্হিভূত বলে গণ্য হবে।**

১৪. সরকারি জলমহাল সরেজমিন পরিদর্শন করে জলমহাল সম্পর্কে বিভিন্ন তথ্য জেনে নিশ্চিত হয়ে আবেদন/দরপত্র উপজেলা নির্বাহী অফিসার, সাপাহার, নওগাঁ বরাবরে আবেদনপত্র জমা দিতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

১৫. ইজারা গ্রহীতা জলমহালের আয়তন হ্রাসবৃদ্ধি করতে পারবে না। কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বে-দখল করতে না পারে তা ইজারা গ্রহীতা নিশ্চিত করবেন। ইজারা গ্রহণকারী সমিতি জলাশয়ের পার্শ্বে বা ভিতরে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবে না ।

১৬. মৎস্য সংক্রান্ত আইন ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে। **ইজারা গ্রহিতা নিজ খরচে জলমহালের বিবরণসহ সম্বলিত জেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত স্থায়ী সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।**

CamScanner

১৭. ইজারা গ্রহণকারী সমিতি কোনো জলাশয়ে সাবলীজ অথবা অন্যকোন ব্যক্তি/ গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্যকোনো উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি উপরিউক্ত কার্যক্রম পরিলক্ষিত হয় বা প্রমাণিত হয় তবে পূর্ব নোটিশ ব্যতীত ইজারা বাতিল করে জলাশয় পুনঃ ইজারা প্রদান করা হবে। এ ক্ষেত্রে ঐ ইজারা গ্রহণকারী সমিতি ০৩ (তিন) বছরের মধ্যে অপর কোনো জলমহাল ইজারার আবেদন করতে পারবে না ।

১৮. ইজারা গ্রহণকারী সমিতি জলাশয়ের সীমারেখা বজায় রাখবেন। জলাশয়ের পাড়ে কোনো বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেন না। তিনি নিজ দায়িত্বে ইজারাকৃত জলাশয়ের সরকারি সম্পত্তি সংরক্ষণ করবেন।

১৯. ইজারা গ্রহণকারী সমিতিকে সময়ে সময়ে জারীকৃত সরকারি সকল আদেশ মেনে চলতে হবে। ইজারা প্রদানকৃত জলাশয়ে সরকারি ভাবে কোনো উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হলে সেক্ষেত্রে ইজারা গ্রহণকারী সমিতিকে ইজারা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মেনে চলতে হবে।

২০. ইজারা গ্রহণকারী সমিতিকে উর্দ্ধতন সরকারি কর্মকর্তা জলাশয় ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময়ে জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবেন।

২১. সুনির্দিষ্ট বা যুক্তিসংগত বা বিধি মোতাবেক কোনো কারণে কোন পুকুর/জলমহালের ইজারা বাতিল করা হলে এবং ঐ পুকুর/জলমহালের ইজারামূল্য, আয়কর, ভ্যাট সংশ্লিষ্ট কোডে ইতোমধ্যে জমা করলে সরকারি কোডে জমাকৃত অর্থ কোনো অবস্থাতেই ফেরতযোগ্য নয়।

২২. মাছ ধরার ক্ষেত্রে বিদ্যমান আইন এবং সময় সময় জারিকৃত সরকারি বিধি বিধান অনুসরণ করা ইজারাদারের জন্য বাধ্যতামূলক।

২৩. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ (সকল সংশোধনীসহ) এবং সরকার ঘোষিত সর্বশেষ প্রজ্ঞাপন/পরিপত্র অনুযায়ী অন্যান্য শর্তাবলি প্রযোজ্য হবে এবং বিধি মোতাবেক ও প্রয়োজনে যে কোনো আবেদন গ্রহণ/বাতিল এবং ইজারা বাতিল বা টেন্ডার স্থগিত বা জনস্বার্থে যেকোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি বা উপযুক্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৪।০৬।২৬

রোমানা রিয়াজ
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সাপাহার,নওগাঁ

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
সাপাহার, নওগাঁ
www.acl.sapahar.naogaon.gov.bd

স্মারক নং- ৩১.৪৩.৬৪৮৬.০০১.০১.০১৪.২৬- ২৫৬/১১ তারিখ : ০৪/০৩/২০২৬ খ্রি.

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. মাননীয় সংসদ সদস্য, ৪৬ নওগাঁ-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. জেলা প্রশাসক, নওগাঁ;
০৩. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁ;
০৪. উপজেলা নির্বাহী অফিসার, সাপাহার, নওগাঁ;

অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলো:

০৫. উপজেলা.............................................................................কর্মকর্তা, সাপাহার, নওগাঁ **(তার অফিস নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি ঝুলিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো);**
০৬. সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাপাহার, নওগাঁ **(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);**
০৭. চেয়ারম্যান ..............................................ইউ,পি (সকল) ,সাপাহার, নওগাঁ **(বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নাধীন হাট-বাজারসমূহে ঢোল শহরতের মাধ্যমে এবং নোটিশ বোর্ডে ঝুলিয়ে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো);**
০৮. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..................................................ইউনিয়ন ভূমি অফিস (সকল), সাপাহার, নওগাঁ **(বিজ্ঞপ্তিটি তার তহশিলের আওতাধীন হাট-বাজারসমূহে ঢোল শহরতের মাধ্যমে এবং নোটিশ বোর্ডে ঝুলিয়ে ব্যাপক প্রচারান্তে জারির কপি দরপত্র দাখিলের পূর্বেই নিম্নস্বাক্ষরকারীর অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো);**
০৯. সভাপতি/সম্পাদক, সাপাহার প্রেস ক্লাব, সাপাহার, নওগাঁ;
১০. সম্পাদক ও প্রকাশক, "**দৈনিক** ......................................" **(উল্লিখিত বিজ্ঞাপনটি তার পত্রিকার ভিতরের পাতায় স্বল্প (ন্যূনতম) পরিসরে এক দিনের জন্য প্রচারের নিমিত্ত অনুরোধ করা হলো)**
১১. অফিস কপি/নোটিশ বোর্ড।

০৪/০৩/২৬
মো: ফরিদুল ইসলাম
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
সাপাহার, নওগাঁ
e-mail: aclandsapahar@gmail.com

CamScanner